# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৮৮

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

بَابٌ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ مُرَّةَ الْهَمْدَانِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ لِلشَّيْطَانِ لَمَّةً بِابْنِ آدَمَ وَلِلْمَلَكِ لَمَّةً فَأَمَّا لَمَّةُ الشَّيْطَانِ فَإِيعَادٌ بِالشَّرِّ وَتَكْذِيبٌ بِالْحَقِّ وَأَمَّا لَمَّةُ الْمَلَكِ فَإِيعَادٌ بِالْخَيْرِ وَتَصْدِيقٌ بِالْحَقِّ فَمَنْ وَجَدَ ذَلِكَ فَلْيَعْلَمْ أَنَّهُ مِنَ اللَّهِ فَلْيَحْمَدِ اللَّهَ وَمَنْ وَجَدَ الأُخْرَى فَلْيَتَعَوَّذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ ثُمَّ قَرَأَ : (الشَّيْطَانُ يَعِدُكُمُ الْفَقْرَ وَيَأْمُرُكُمْ بِالْفَحْشَاءِ ) " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ وَهُوَ حَدِيثُ أَبِي الأَحْوَصِ لاَ نَعْلَمُهُ مَرْفُوعًا إِلاَّ مِنْ حَدِيثِ أَبِي الأَحْوَصِ .

বাংলা

২৯৮৮. হান্নাদ (রহঃ) ..... আবদুল্লাহ্ ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আদম সন্তানের মাঝে শয়তানের স্পর্শ রয়েছে এবং ফিরিশতারও স্পর্শ রয়েছে। শয়তানের স্পর্শ হল মন্দ কাজে প্ররোচিত করা এবং সত্য অস্বীকার করা। আর ফিরিশতাদের স্পর্শ হল ভাল কাজে উৎসাহিত করা এবং সত্যকে স্বীকার করা। কেউ যদি তার নিজের মধ্যে এই জিনিস (ভাল ভাবে) পায় তবে সে যেন এটিকে আল্লাহর পক্ষ থেকেই জানে এবং এর জন্য যেন আল্লাহর প্রতি কৃতজ্ঞ হয় আর কোন ব্যক্তি যদি নিজের মধ্যে অন্য ভাব পায় তখন যেন সে শয়তান থেকে আল্লাহর পানাহ চায়। এরপর তিনি পাঠ করলেনঃ (الشَّيْطَانُ يَعِدُكُمُ الْفَقْرَ وَيَأْمُرُكُمْ بِالْفَحْشَاءِ) ”শয়তান তোমাদের দারিদ্রের ভয়ে দেখায় এবং অশ্লীলতা ও কার্পণ্যের নির্দেশ দেয়।” (২ঃ ২৬৮)

সহীহ, মিশকাত, তাহকিক ছানী ৭৪, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৮৮ [আল মাদানী প্রকাশনী]

হাদিসটি হাসান-সহীহ-গারীব। এটি আবুল আহওয়াস (রহঃ) এর রিওয়ায়ত। আবুল আহওয়াস (রহঃ) এর সূত্র ছাড়া এটি মারফূ’রূপে বর্ণিত আছে বলে আমাদের জানা নেই।

## English

Narrated 'Abdullah bin Mas'ud:

that the Messenger of Allah (ﷺ) said: "Indeed the Shaitan has an effect on the son of Adam, and the angel also has en effect. As for the Shaitan, it is by threatening evil repercussions and rejecting the truth. As for the effect of the angel, it is by his promise of a good end and believing in the truth. Whoever finds that, let him know that it is from Allah, and let him praise Allah for it. Whoever finds the other then let him seek refuge with Allah from the Shaitan (the outcast) then recite: Shaitan threatens you with poverty and orders you to commit Fahisha (2:268)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38340

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন